



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-০৮)

৩৭/৩/এ, ইক্ষ্যাটন গার্ডেন রোড

রমনা, ঢাকা- ১০০০।

নং পসব্য/প্রকা/পরি-১৪/২০১৮-১৯/২৫৮৩

তারিখ : ০৭.০৮.২০১৮খ্রি.

উপজেলা সমন্বয়কারী  
একটি বাড়ি একটি খামার প্রকল্প  
ও  
শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)  
পল্লী সঞ্চয় ব্যাংক  
সকল শাখা

নির্দেশনা-৩৯

বিষয় : শেয়ার সার্টিফিকেট ইস্যু করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। একটি বাড়ি একটি খামার প্রকল্পের ৩০.০৬.২০১৮ তারিখ পর্যন্ত গঠিত সমিতিসমূহ ইতোমধ্যে পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত হয়েছে এবং প্রতিটি সমিতিকে ব্যাংকের ১০০ টাকা মূল্যমানের ২৪০টি শেয়ার ক্রয়ের লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে। যে সকল সমিতির ২৪০টি শেয়ার ক্রয় সম্পন্ন হয়েছে তাদের বরাবরে ইতোমধ্যে ব্যাংক হতে সার্টিফিকেট ইস্যু করা হয়েছে এবং ইস্যুকৃত সার্টিফিকেটগুলো আপনাদের নিকট ডাকযোগে প্রেরণ করা হচ্ছে।

০৩। উক্ত শেয়ার সার্টিফিকেটগুলো প্রাপ্তির পর শাখাগুলোকে নিম্নোক্ত ছকে একটি রেজিস্টারে এন্ট্রি দিয়ে সমিতির সভাপতির স্বাক্ষর গ্রহণপূর্বক তার নিকট উহা হস্তান্তর করতে হবে :

ক্রংক্রি	সমিতির নাম	সার্টিফিকেটের ক্রমিক নং	শেয়ারের ক্রমিক নং	মোট শেয়ারের সংখ্যা	প্রাপ্তি স্বীকারোক্তী স্বাক্ষর
			হতে	পর্যন্ত	

০৪। শেয়ার সার্টিফিকেট ইস্যুর বিষয়টি সমিতির সকল সদস্যকে অবহিত করতে হবে। সার্টিফিকেট যথাযথভাবে সংরক্ষণ করার জন্য সমিতির সভাপতিকে পরামর্শ প্রদান করতে হবে যাতে করে সার্টিফিকেট নষ্ট না হয়।

আপনার বিশ্বাস্ত

( মোঃ ইসমাইল মির্জা )

সহকারী মহাব্যবস্থাপক

ফোন নং ৫৫১৩৮৫৬২

[headoffice@pallisanchaybank.gov.bd](mailto:headoffice@pallisanchaybank.gov.bd)

অনুলিপি সদয় অবগতির জন্য :

- চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সভাপতি/সাধারণ সম্পাদক, সকল সমিতি।
- অফিস কপি।